ত্যজতি। অত্র সামান্যতঃ অপি পরমাত্মসিদ্ধে তত্রাপি পরমপ্রেষ্ঠশ্রীরাধাসংবলিত-লীলাময়তদ্ভজনস্তু পরমতমমেবেতি স্বতঃ সিধ্যতি। কিন্তু রহস্যলীলা তু পৌরুষ-বিকারবদিন্দ্রিয়ৈঃ, পিতৃপুত্রদাসভাবৈশ্চ নোপাস্যা; স্বীয়ভাববিরোধাৎ রহস্যত্বঞ্চ তস্যাঃ ক্বচিদল্পাংশেন ক্বচিত্তু সর্ব্বাংশেনেতি জ্ঞেয়ম্। ১০।৩৩ ॥ শ্রীশুকঃ ॥ ৩৩ ॥

তত্র তে ভক্তিমার্গাদর্শিতাঃ। অত্র চ শ্রীগুরোঃ শ্রীভগবতো বা প্রসাদলব্ধং সাধনসাধ্যগতং স্বীয় সর্ব্বস্বভূতং যৎ কিমপি রহস্যং তত্তু ন কস্মৈচিৎ প্রকাশনীয়ং। যথাহ—নৈতৎ পরস্মা, অখ্যেয়ং পৃষ্টয়াপি কথঞ্চন। সর্ব্বং সম্পদ্যতে দেবি দেবগুহ্যং সুসংবৃতম্ ॥ ৩৩৯ ॥

সম্পদ্যতে ফলদং ভবতি ॥ ৮।১৯ ॥ শ্রীবিষ্ণুরদিতিম্ ॥ ৩৩৯ ॥

শ্রীমদ্ভাগবতের "অহো বকীযং"—এই শ্লোকের মর্ম্মার্থে শ্রীকৃষ্ণস্বরূপের মধ্যেও শ্রীগোকুললীলাময় শ্রীকৃষ্ণের ভজনমাহাত্ম্যই অতিশয়রূপে দেখানো হইয়াছে। যেমন "অহো বকী যং" শ্লোকে ব্রজবিলাসী শ্রীকৃষ্ণের অতিশয় কারুণ্য দেখানো হইয়াছে, তেমনই "পূতনা লোক বালঘ্নী রাক্ষসী রুধিরাশনা"—এই ১০।৬।২৬ শ্লোকেও তাঁহারই ভজনমাহাত্ম্য দেখানো হইয়াছে। অর্থাৎ পূতনা লোকবালঘ্নী রুধিরাশনা রাক্ষসী হইয়াও শ্রীকৃষ্ণকে জিঘাংসাবুদ্ধিতে বিষস্তন অর্পণ করিয়াও ধাত্রীজনোচিত গতি লাভ করিয়াছিল ইত্যাদি শ্লোকের দ্বারাও ব্রজবিলাসী শ্রীকৃষ্ণের ভজনের আধিক্য দেখানো হইয়াছে। তেমনই শ্রীকৃষ্ণ সন্দর্ভেও "যেন যেনাবতারেণ" ইত্যাদি ১০।৭।১ শ্লোকে শ্রীব্রজলীলাত্মক শ্রীকৃষ্ণের মাধুর্য্যাতিশয় বিস্তারপূর্ব্বক বর্ণিত হইয়াছে। গোকুলমধ্যে ও শ্রীমতী ব্রজবধূগণের সহিত রাসাদিলীলাকারী শ্রীকৃষ্ণের পরমবৈশিষ্ট্য "বিক্রীড়িতং ব্রজবধূভিঃ" ইত্যাদি ১০।৩৩।৩৯ শ্লোকে সুস্পষ্টরূপে বর্ণিত হইয়াছে। শ্রীবিষ্ণুর ব্রজবধূগণের সহিত এই বিচিত্র ক্রীড়া এবং তাঁহাদের সহিত অন্য যে সকল লীলা, তাহা যে জন শ্রদ্ধা অর্থাৎ এই লীলা প্রাকৃতকামময়ী নহে, কিন্তু কামগন্ধশূন্য বিশুদ্ধ প্রেমময়ী—এইপ্রকার দৃঢ়-বিশ্বাসের সহিত যে জন শ্রবণ করে, শ্লোকোক্ত "শৃণুয়াদথ" এই অথ শব্দটি বা অর্থে উল্লিখিত হইয়াছে অর্থাৎ শ্রবণ করে অথবা বর্ণন করে, উপলক্ষণে ধ্যানাদি করে, সেই জন ভগবানে পরাভক্তি অর্থাৎ যাহা হইতে অন্য কোথাও শ্রেষ্ঠ ভক্তি নাই, সেই ভক্তি লাভ করিয়া থাকে এবং তৎপরে নিজেই হৃদ্‌রোগ কামাদিকেও শীঘ্রই ত্যাগ করিয়া থাকে। এই স্থানে যদ্যপি সামান্যরূপে ব্রজাঙ্গনাদের সহিত শ্রীকৃষ্ণবিহারের শ্রেষ্ঠত্ব প্রদর্শিত হইয়াছে, তথাপি তন্মধ্যেও অর্থাৎ শ্রীব্রজাঙ্গনাগণসহ শ্রীকৃষ্ণলীলার মধ্যেও পরমপ্রিয়তমা শ্রীরাধাসম্বলিত লীলায় সর্ববশ্রেষ্ঠতমত্ব—ইহা স্বতঃসিদ্ধ। কিন্তু যাহাদের ইন্দ্রিয় পৌরুষবিকার যুক্ত, তাহাদের কর্তৃক এবং পিতৃভাব পুত্রভাব ও